



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী

www.rcs.edu.bd

Email : raj.collegiateschool@gmail.com

Telephone : 0721-776347 EINN : 126456



স্মারক নং

তারিখ : ১৪/১০/২০২১ খ্রি:

২০২১ সালের বার্ষিক পরীক্ষার বিজ্ঞপ্তি

এতদ্বারা রাজশাহী কলেজিয়েট স্কুল এর ছাত্র, শিক্ষক, কর্মচারী এবং অভিভাবকবৃন্দকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ঘোষিত বার্ষিক পরীক্ষার সময়সূচি অনুসারে আগামী ২৪/১১/২০২১ তারিখ থেকে ২৮/১১/২০২১ তারিখ পর্যন্ত অত্র বিদ্যালয়ের ৩য় শ্রেণি থেকে ৯ম শ্রেণির বার্ষিক পরীক্ষা এবং ১০ম শ্রেণির (এসএসসি-২০২২) নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে (পরীক্ষার বিস্তারিত সময়সূচি/রুটিন পরে দেয়া হবে)। প্রত্যেক শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত এই তিনটি বিষয়ের পরীক্ষা নেয়া হবে।

সিলেবাস (৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি) : যে সকল অধ্যায় থেকে এ্যাসাইনমেন্ট (বাংলা, ইংরেজি ও সাধারণ গণিত বিষয়) দেয়া হয়েছে সে সকল অধ্যায় এবং ১২/০৯/২০২১ খ্রি. তারিখ থেকে শ্রেণিকক্ষে যে সকল অধ্যায়ের ওপর পাঠদান করা হয়েছে তা ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষার সিলেবাস।

সিলেবাস (৩য় থেকে ৫ম শ্রেণি) : যে সকল অধ্যায় থেকে অনলাইন ক্লাস (বাংলা, ইংরেজি ও গণিত বিষয়) নেয়া হয়েছে সে সকল অধ্যায় এবং ১২/০৯/২০২১ খ্রি. তারিখ থেকে শ্রেণিকক্ষে যে সকল অধ্যায়ের ওপর পাঠদান করা হয়েছে তা ৩য় থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষার সিলেবাস।

পরীক্ষার নম্বর বিন্যাস ও সময় (৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি) : পরীক্ষার পূর্ণমান হবে ৫০, সময় : ১ ঘন্টা ৩০ মিনিট

- ❖ বাংলা (১ম ও ২য় পত্র) বিষয়ের নম্বর হবে ৫০ (লিখিত ৩৫ + MCQ ১৫) ;
- ❖ ইংরেজি (১ম ও ২য় পত্র) বিষয়ের নম্বর হবে ৫০ (১ম পত্র ৩০ + ২য় পত্র ২০) ;
- ❖ সাধারণ গণিত বিষয়ের নম্বর হবে ৫০ (লিখিত ৩৫ + MCQ ১৫) ;
- ❖ প্রত্যেক শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষার নম্বরের সাথে চলমান সকল বিষয়ের এ্যাসাইনমেন্টের ওপর ৪০ নম্বর যোগ হবে এবং
 - ❖ বার্ষিক পরীক্ষায় ৭ম শ্রেণি থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষার পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশগ্রহণ ও স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর আরও ১০ নম্বর যোগ হবে।
 - ❖ ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষার পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশগ্রহণ ও স্বাস্থ্যবিধি মেনে চলার সংগে বৃক্ষরোপন প্রকল্পে তাদের কর্মতৎপরতা যুক্ত করে এই ১০ নম্বর যোগ হবে।
- ❖ অর্থাৎ মোট ১০০ নম্বরের (৫০+৪০+১০) ওপর প্রত্যেক শিক্ষার্থীকে মূল্যায়নপূর্বক বার্ষিক পরীক্ষার ফলাফল তৈরি করে শিক্ষার্থীদের প্রোগ্রেসিভ রিপোর্ট প্রদান করা হবে।

৩য় থেকে ৫ম শ্রেণির নম্বর বন্টন : পরীক্ষার পূর্ণমান হবে ৫০, সময় : ১ ঘন্টা ৩০ মিনিট

- ❖ বাংলা বিষয়ের নম্বর হবে ৫০ (লিখিত ৩৫ + সংক্ষিপ্ত প্রশ্ন /ও এমসিকিউ ১৫)
- ❖ ইংরেজি বিষয়ের নম্বর হবে ৫০ (লিখিত ৩৫ + সংক্ষিপ্ত প্রশ্ন /ও এমসিকিউ ১৫)
- ❖ গণিত বিষয়ের নম্বর হবে ৫০ (লিখিত ৩৫ + সংক্ষিপ্ত প্রশ্ন /ও এমসিকিউ ১৫)

(ড. মোসা: নূরজাহান বেগম)

প্রধান শিক্ষক

রাজশাহী কলেজিয়েট স্কুল, রাজশাহী